দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 DEC 2006
পৃষ্ঠা ১৭ কলাম ৫

৭

# রাঙ্গামাটির কলেজবিহীন তিন উপজেলার ৬০ ভাগ শিক্ষার্থী মাধ্যমিকেই ঝরে পড়ছে

।। রাঙ্গামাটি সংবাদদাতা ।।

রাঙ্গামাটি জেলায় প্রতিবছর মাধ্যমিক পর্যায় থেকে শতকরা ৬০ ভাগ ছাত্রছাত্রী ঝরে পড়ছে। রাঙ্গামাটির প্রত্যন্ত অঞ্চলের মাধ্যমিক বিদ্যালয় থেকে ঝরে পড়া শিক্ষার্থীর হার অত্যন্ত বেশী। বিশেষ করে অষ্টম ও ৯ম শ্রেণীতে ঝরে পড়ার হার শতকরা ৫০ ভাগেরও উর্ধ্বে। প্রত্যন্ত এলাকাগুলোতে এ হার ৭০ থেকে ৮০ ভাগ পর্যন্ত হয়ে থাকে। মাধ্যমিক পর্যায়ে প্রতিবছর প্রায় অর্ধেক পরীক্ষার্থী উত্তীর্ণ হতে পারে না। প্রত্যন্ত এলাকায় উচ্চ মাধ্যমিক পর্যায়ের তথা কলেজ শিক্ষা সুবিধার প্রাপ্যতার অভাবে এ অঞ্চলের ফলাফলের চিত্রটা আশাব্যঞ্জক নয়।

দুর্গম এলাকায় যোগাযোগে অব্যবস্থা, পাহাড়ে পাহাড়ে ছড়িয়ে ছিটিয়ে বসবাসের কারণে ছাত্র ছাত্রীদের বিদ্যালয়ে ভর্তি ও নিয়-

(১৬শ পৃ: ৫-এর ক: দ্র:)

## রাঙ্গামাটির কলেজ

(১৭শ পৃঃ পর)

মিত গমন অত্যন্ত কম। এছাড়া বিদ্যালয় গুলোতে পর্যাপ্ত ক্লাস রুম, হোষ্টেল সুবিধা, আসবাবপত্র ও বিজ্ঞানাগারের যন্ত্রপাতি না থাকায় মাধ্যমিক শিক্ষা খুব একটা ভূমিকা রাখতে পারছে না। পার্বত্যাঞ্চলের বিবদমান সংঘাতও শিক্ষা সম্প্রসারণের ক্ষেত্রে একটি বাধা।

রাঙ্গামাটির ১০টি উপজেলার মধ্যে ৩টি উপজেলায় কলেজ নেই। এ কারণে মাধ্যমিক পর্যায়ে অসংখ্য শিক্ষার্থী উচ্চ শিক্ষার সুযোগ না পেয়ে মাধ্যমিক পর্যায় থেকে ঝরে পড়ে। স্বাধীনতার পরবর্তী সময়ে এসব উপজেলায় ব্যাপক উন্নয়ন হলেও কোন উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে উঠেনি। উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের অভাবে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত অনেক শিক্ষার্থী। এ কারণে অনেক শিক্ষার্থী মাধ্যমিক পর্যায়ের শিক্ষা থেকে শিক্ষা জীবন শেষ করে দিচ্ছে।

রাঙ্গামাটি জেলায় সরকারী ও বেসরকারী স্কুলের সংখ্যা ৭৭টি। তার মধ্যে ৬টি সরকারী ৫০টি বেসরকারী ও ২১টি নিম্নমাধ্যমিক বিদ্যালয়। ৩৭ হাজার ২৫০ জন ছাত্র-ছাত্রী এসব স্কুলে মাধ্যমিক পর্যায়ে পড়ালেখা করে। জেলার ১০ উপজেলার মধ্যে ৭টি উপজেলার তথা রাঙ্গামাটি সদর, কাপ্তাই, কাউখালী, নানিয়ারচর লংগদু, বাঘাইছড়ি ও রাজস্থলী উপজেলায় সরকারী ও বেসরকারী কলেজ থাকায় এসব উপজেলার শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা লাভের সুযোগ পাচ্ছে। কিন্তু রাঙ্গামাটি জেলার জুরাছড়ি, বরকল ও বিলাইছড়ি উপজেলায় কোন কলেজ নেই। এ তিনটি উপজেলার শিক্ষার্থীরা আর্থিক অস্বচ্ছলতার কারণে দূরদূরান্তের কলেজগুলোতে পড়ালেখা চালিয়ে যেতে পারছে না। ফলে মাধ্যমিক পর্যায় থেকে শিক্ষার্থীরা কলেজ পর্যায়ের শিক্ষা থেকে বঞ্চিত হয়ে ঝরে পড়ছে।